মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয় ঃ ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।
ফোন ঃ ০৯১-৬৩৩৩৩,
E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- মশিবো/ময়মন/কলেজ/২০১৯/ ০৫০২ তারিখ ঃ ৬/৭/২০১৯

বিষয় : ময়মনসিংহ জেলায় ফুলপুর আইডিয়াল কলেজ স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ২৫/০৪/২০১৯ইং তারিখের স্মারক নং - ৩৭.০০.০০০০.০৭০.১৬.০০১.১৭.৮৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলাধীন **'ফুলপুর আইডিয়াল কলেজ'** এর নতুন কলেজ স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে বোর্ড কর্তৃক পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন কর্মকর্তার সুপারিশ ও মন্তব্য সম্বলিত প্রতিবেদনটি পরবর্তী সদয় নির্দেশনার জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(প্রফেসর ড. গাজী হাসান কামাল)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।

সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংযুক্ত : ০১ (এক) ফর্দ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন ঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd

কলেজ স্থাপনের জন্য
পরিদর্শন ছক

কলেজের নাম (প্রস্তাবিত) : ফুলপুর আইডিয়াল কলেজ।

ঠিকানা : রূপসী, ফুলপুর, ময়মনসিংহ।

পরিদর্শনকারীর নাম ও পদবী : জনাব জামাল উদ্দীন আহমেদ,
উপ-কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

পরিদর্শনের তারিখ : ২৯/১১/১০১৯ইং।

ক্র: নং	বিষয়	নীতিমালা অনুযায়ী পূরণীয় শর্ত সমূহ		কলেজের বর্তমান অবস্থান বর্ণনা	মন্তব্য
১	প্রস্তাবিত কলেজের অবস্থান (মহানগর/পৌর ও শিল্প এলাকা/ মফস্বল)	মফস্বল		রূপসী, ফুলপুর, ময়মনসিংহ।	শর্ত পূরণ কৃত
২	কলেজের চতুর্দিকে বিদ্যামান নিকটতম কলেজ সমূহের নাম ও দূরত্ব	দিক	কলেজের নাম ও ঠিকানা	প্রস্তাবিত কলেজের অবস্থান হতে দূরত্ব	শর্ত পূরণ কৃত
		পূর্ব	বওলা ডিগ্রি কলেজ	১২ কি.মি	
		পশ্চিম	ভাইটকান্দি স্কুল এন্ড কলেজ	১৬ কি.মি	
		উত্তর	ফুলপুর সরকারি কলেজ	০৮ কি.মি	
		দক্ষিণ	বঙ্গবন্ধু সরকারি কলেজ	১৫ কি.মি	
৩.	প্রস্তাবিত থানা/উপজেলা মোট জনসংখ্যা	২০১১ সালের আদমশুমারি অনুযায়ী ৩,১৫,২৭২ জন।			
৪.	প্রস্তাবিত থাকা / উপজেলার বিদ্যমান কলেজের সংখ্যা ও নাম	১। ফুলপুর সরকারি কলেজ ২। ফুলপুর মহিলা ডিগ্রি কলেজ ৩। বওলা ডিগ্রি কলেজ ৪। হোসেনপুর কলেজ ৫। ভাইটকান্দি স্কুল এন্ড কলেজ			শর্ত পূরণ কৃত
৫.	প্রস্তাবিত কলেজের চতুর্দিকে নিকটবর্তী এলাকায় বিদ্যমান মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার সংখ্যা	মাধ্যমিক বিদ্যালয় ঃ ০৭টি মাদ্রাসা ঃ ০৩টি			শর্ত পূরণ কৃত
৬.	জনসংখ্যা অনুযায়ী নতুন কলেজের প্রাপ্রতা রয়েছে কিনা?	প্রাপ্যতা আছে			শর্ত পূরণ কৃত
৭.	সম্ভব্য জমির পরিমাণ	১০০ শতাংশ			শর্ত পূরণ কৃত
৮	উদ্যোক্ত/উদ্যোক্তাগণের পরিচয় ও সমাজ সেবায় অবদান	১। শাহ কুতুব চৌধুরী, বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিবিদ, সমাজসেবক, নিজ এলাকায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ধর্মীয় সামাজিক প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা এবং অনুদান দাতা। ২। নাহিদ নিগার সুলতানা (উক্ত কলেজের জমিদাতা) শিক্ষকতা পেশায় নিয়োজিত এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের সাথে জড়িত। ৩। মীর আব্দুল্লাহ আল আমীন লিপু, শিক্ষকতা পেশায় নিয়োজিত এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের সাথে জড়িত।			শর্ত পূরণ কৃত
৯	প্রস্তাবিত এলাকায় কলেজ স্থাপনের যৌক্তিকতা	প্রস্তাবিত এলাকাটি শিক্ষানগরী ময়মনসিংহের ফুলপুর উপজেলাধীন রূপসী সু-পরিচিত এই এলাকার আশেপাশে ০৭টি মাধ্যমিক বিদ্যালয় এবং ০৩টি জাতীয় প্রতিষ্ঠান অবস্থিত। উল্লেখ্য যে, অত্র এলাকায় প্রতিষ্ঠিত			শর্ত পূরণ কৃত

		কলেজগুলোতে মানবিক বিভাগ না থাকায় এবং মেয়েদের জন্য আলাদা বিভাগ না থাকায় অত্র স্কুল সহ অন্যান্য স্কুলের (তৎসংলগ্ন এলাকার) শিক্ষার্থীদের এস.এস.সি পাশের পর ময়মনসিংহের শহরমূখী হতে হয় যা অনেক ক্ষেত্রেই ব্যায়বহুল। দেখা যায় অনেক দরিদ্র পরিবারের শিক্ষার্থী বাইরে গিয়ে পড়ার সামর্থ্য না থাকায় শিক্ষার্থী এস.এস.সি পাশের পরই শিক্ষাজীবনের অবসান ঘটে। নতুন বিভাগীয় শহর হওয়ায় এবং এর পূর্ব থেকেই জনবহুল ও শিক্ষিত এলাকা সু-পরিচিত থাকায় এখানে একটি কলেজ স্থাপনের সুনির্দিষ্ট এবং শক্তিশালী যৌক্তিকতা রয়েছে।	
১০	কলেজ স্থাপনের পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থের সংস্থান	প্রস্তাবিত কলেজটির প্রতিষ্ঠাতা, দাতা সদস্য ও নির্বাহী সদস্যের সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে অত্র কলেজটির অবকাঠামো নির্মাণে যাবতীয় কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও অত্র এলাকার বিভিন্ন দানশীল ব্যক্তি আর্থিক সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েছেন । স্থানীয় শিক্ষানুরাগী, ব্যবসায়ী রাজনৈতিক ব্যক্তিবর্গ, যুবসমাজসহ বিভিন্ন শ্রেণিপেশার ব্যক্তিবর্গ সার্বিক উন্নয়নে সহযোগিতা করবেন।	শর্ত পূরণ কৃত
১১	সংরক্ষিত তহবিল: ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা তহবিলে জমা থাকতে হবে।	১,০০,০০০/- (এক লক্ষ) টাকা তহবিলে জমা আছে।	শর্ত পূরণ কৃত

১২. পরিদর্শনকারীর সুস্পষ্ট মতামত/সুপারিশঃ

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.১৬.০০১.১৭.৮৮, তারিখ- ২৫/০৪/২০১৯ খ্রিঃ এর নির্দেশক্রমে ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলাধীন ফুলপুর আইডিয়াল কলেজের স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। প্রস্তাবিত প্রতিষ্ঠানটি স্থাপনের অনুমতির লক্ষ্যে প্রতিষ্ঠানটির নিজস্ব জমি, ভবন, দূরত্ব, জনসংখ্যার শর্তসমূহ পূরণ করতে আংশিক সমর্থ হয়েছে। নিজস্ব দাখিলকৃত ভূমিতে ১ (এক) বছরের মধ্যে পরবর্তী কার্যক্রম চালু করার লক্ষে উক্ত বেসরকারি কলেজটি স্থাপন করা যেতে পারে মর্মে প্রেরন করা হল।

এমতাবস্থায় বর্ণিত কলেজটি স্থাপনের অনুমতি প্রদানের বিষয়ে সুপারিশ করা হলো।

31.12.19

পরিদর্শন কর্মকর্তার
স্বাক্ষর ও সীল

Jamal Uddin Ahmed (10750)
BCS (General Education)
Deputy Inspector of College
Board of Intermediate & Secondary Education
Mymensingh.